



উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মীরসরাই, চট্টগ্রাম
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউপি নির্বাচন-২০২১

নং-৩৩.০১.১৫৫৩.০০০.২১.৩২৬

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম কর্তৃক নং-১৭.০৩.১৫০০.০০০.৪১.০০৯(২).২১-৮০৩, ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।


এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি ডাঃ শ্যামল চন্দ্র পোন্দার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মীরসরাই, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	:	১৭ অক্টোবর ২০২১ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ অক্টোবর ২০২১ (বুধবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)

উল্লিখিত ৩টি ইউনিয়ন পরিষদের নির্বাচন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

আমি আরও জানাইতেছি যে, আগামী ০১/১০/২০২১ইং (সুক্রবার) তারিখ হইতে ১৭/১০/২০২১ইং তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ০৯.০০টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মীরসরাই, চট্টগ্রাম হইতে মনোনয়নপত্র গ্রহণ করা হইবে। আরো উল্লেখ করা যাচ্ছে যে, আগামী ১১ নভেম্বর ২০২১ বৃহস্পতিবার সকাল ০৮টা হইতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোটগ্রহণ করা হবে।

স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মীরসরাই, চট্টগ্রাম।
তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ



ডাঃ শ্যামল চন্দ্র পোন্দার
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
মীরসরাই, চট্টগ্রাম।


ও
রিটার্নিং অফিসার
মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউপি নির্বাচন-২০২১

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

নং-৩৩.০১.১৫৫৩.০০০.২১.৩২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৬। পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম।
- ৮। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, মীরসরাই, চট্টগ্রাম।
- ৯। অফিসার ইনচার্জ, মীরসরাই থানা, মীরসরাই, চট্টগ্রাম।
- ১০। চেয়ারম্যান/সচিব মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউনিয়ন পরিষদ, মীরসরাই, চট্টগ্রাম।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, মীরসরাই প্রেস ক্লাব, চট্টগ্রাম।
- ১২। অফিস কপি।



ডাঃ শ্যামল চন্দ্র পোন্দার
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
মীরসরাই, চট্টগ্রাম।

ও
রিটার্নিং অফিসার
মিঠানালা, মঘাদিয়া ও খৈয়াছড়া ইউপি নির্বাচন-২০২১